

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 13 July, 2025

শেরপুরের ঝিনাইগাতীতে দ্রুতগতির একটি মাইক্রোবাসচাপায় দুই মাদ্রাসাছাত্র নিহত হয়েছেন। আজ রোববার (১৩ জুলাই) সন্ধ্যায় উপজেলার নলকুড়া ইউনিয়নের রাংটিয়া এলাকায় এ সড়ক দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন- বড় রাংটিয়া গ্রামের গোলাপ হোসেনের ছেলে মো. সাকিবুল (৯) ও মো. জহুরুল মিয়ার ছেলে মো. জাকারিয়া (১০)। এ ঘটনায় একই গ্রামের মো. সাইব আলীর ছেলে মো. আমিন (৯) গুরুতর আহত হয়েছে। হতাহতরা সবাই রাংটিয়া মারকাযুত ত্বাকওয়া মাদ্রাসার হেফজ বিভাগের ছাত্র। দুজনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইগাতী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আল-আমীন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, রোববার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে মাদ্রাসা থেকে হেঁটে হেঁটে বাড়ি যাচ্ছিল মাদ্রাসাছাত্র সাকিবুল, জাকারিয়া ও আমিন। পথিমধ্যে ঝিনাইগাতী উপজেলার রাংটিয়া এলাকায় পৌঁছালে বরযাত্রী বোঝাই একটি মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে ওই তিন মাদ্রাসা ছাত্রকে চাপা দেয়। পরে স্থানীয়রা গুরুতর অবস্থায় তিনজনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে উন্নত চিকিৎসার জন্য তাদের জেলা সদর হাসপাতালে স্থানান্তর করা হয়। জেলা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক সাকিবুল ও জাকারিয়াকে মৃত ঘোষণা করেন। একই সাথে অবস্থার অবনতি হওয়ায় আমিনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়।

জেলা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত মেডিকেল অফিসার ডা. আনিকা আফরিন প্রমা জানান, দুইজন শিশু হাসপাতালে আনার আগেই মারা গেছে। আরেকজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

এ ব্যাপারে ঝিনাইগাতী থানার ওসি মো. আল-আমীন বলেন, ঘাতক মাইক্রোবাসটি আটক করা হয়েছে। পলাতক চালককে আটক করতে চেষ্টা চালাচ্ছে পুলিশ। একইসাথে এ ঘটনায় পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 11:02

URL: <https://timestodaybd.com/public/across-the-country/2739234707>